

শাবি ভিসির পদত্যাগ  
দাবিতে দ্বিধাবিভক্ত  
শিক্ষকরা ॥  
উভয়পক্ষের  
অবস্থান কর্মসূচী

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥  
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ের (শাবি) ভিসির  
পদত্যাগ ইস্যুতে শিক্ষকরা  
দ্বিধাবিভক্ত হয়ে পড়েছেন।  
আন্দোলনের পক্ষে-বিপক্ষে চলছে  
অবস্থান কর্মসূচী। ভিসির  
অপসারণ দাবিতে দ্বিতীয় দিনের  
মতো তাঁর কার্যালয়ের ফটকে  
তালা ঝুলিয়ে অবস্থান কর্মসূচী  
পালন করেছেন শিক্ষকদের  
একাংশ। মঙ্গলবার সকালেই  
(২ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

শাবি ভিসির পদত্যাগ  
(প্রথম পৃষ্ঠার পর)  
মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক  
পরিষদের শিক্ষকরা ভিসির  
কার্যালয়ের ফটকে তালা ঝুলিয়ে  
দিয়ে ফটকের সামনেই অবস্থান নেন।  
অপরদিকে মুক্তিযুদ্ধের চেতনায়  
উদ্বুদ্ধ ভিসিপক্ষী শিক্ষকরা কেন্দ্রীয়  
গ্রন্থাগার ভবন এবং বিশ্ববিদ্যালয়  
ফুডকোর্টের সামনে অবস্থান গ্রহণ  
করেন। বেলা একটার দিকে সাধারণ  
শিক্ষার্থীদের ব্যানারে ছাত্রলীগ কর্মীরা  
পরীক্ষা নিয়ন্ত্রণ ভবনের তালা ভেঙ্গে  
বাইরে অপেক্ষারত কর্মকর্তা-  
কর্মচারীদের ভেতরে ঢোকার সুযোগ  
করে দেয়। তবে ওই সময়  
ছাত্রলীগের কোন প্রথম সারির নেতা  
উপস্থিত ছিলেন না। এ সময় তারা  
ভবনের ফটকের সামনেই অবস্থান  
নেয় এবং আন্দোলনকারীদের বিরুদ্ধে  
বিভিন্ন স্লোগান দিতে থাকে। আধা  
ঘন্টা পর তারা এই স্থান ত্যাগ করে।  
সোমবার ভিসি তার কার্যালয়ে  
গেলেও মঙ্গলবার তিনি ল্যাম্পাসে  
আসেননি।  
বিভিন্ন অভিযোগ এনে ভিসির  
পদত্যাগ দাবি করে শিক্ষকদের একাংশ  
গত তিন মাস যাবত আন্দোলন  
চালিয়ে আসছেন।  
বর্তমান পরিস্থিতি নিয়ে শিক্ষক  
সমিতির সভাপতি বলেন, এ  
আন্দোলনের কোন ভিত্তি নেই। তিনি  
আন্দোলনকারীদের উদ্দেশ্যে বলেন,  
অযৌক্তিক আন্দোলন ছেড়ে  
আলোচনায় বসুন। শিক্ষক সমিতির  
ব্যানারে এসে কথা বলুন। শিক্ষক  
সমিতির সর্বশেষ সভায়ও  
ভিসিবিরোধী আন্দোলনের ব্যাপারে  
কোন এজেন্ডা তোলা হয়নি। কাজেই  
আপনাদের কিছু বলার থাকলে শিক্ষক  
সমিতির কাছে এসে বলুন।  
বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ নেতৃবৃন্দ  
এক দিব্বতিতে বলেন, কতিপয়  
স্বার্থায়েধী শিক্ষকের অনৈতিক  
আন্দোলনের ফলে বিশ্ববিদ্যালয়ের  
কার্যক্রম ব্যাহত হচ্ছে। আমরা এই  
অনৈতিক আন্দোলনের তীব্র নিন্দা ও  
প্রতিবাদ জানাই। বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার  
স্বার্থে শিক্ষক কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও  
সকল কর্মচারীদের ন্যায়সঙ্গত আচরণ  
প্রত্যাশা করি। বিবৃতিতে আরও বলা  
হয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার  
ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে  
শিক্ষাক্ষেত্রের স্বাভাবিক কার্যক্রম  
অব্যাহত রাখতে সরকারের যেকোন  
নীতি ও সিদ্ধান্ত বাস্তবায়নে শাবি  
ছাত্রলীগ ঐক্যবদ্ধভাবে কাজ করবে।  
বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড.  
আমিনুল হক উইয়া বলেন, এই  
আন্দোলন পুরোটাই অযৌক্তিক।  
কোন একটা বিশেষ জায়গা থেকে এ  
আন্দোলন পরিচালনা করা হচ্ছে।  
যেসব অভিযোগ আমার বিরুদ্ধে  
তোলা হয়েছে, তা পুরোটাই মিথ্যা  
এবং বানোয়াট। এই অভিযোগগুলো  
অভিত্যক্ত। আমি আশা করি, তাদের  
সুভ বুদ্ধির উদয় হবে এবং তারা  
আন্দোলন থেকে সরে গিয়ে  
বিশ্ববিদ্যালয় পরিচালনায় সহযোগিতা  
করবেন।